



স্মারক নং: জাককানইবি/প:নি:/ ফি. ষা. ন/ ২৫৩২/২৫/ ১১৪৬

তারিখ: ০৪/০২/২০২৫

**২১/০৮/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের
পরীক্ষা শৃঙ্খলা কমিটির ৩৬তম সভার কার্যবিবরণীর উদ্ভূতাত্মক :**

আলোচ্য সূচি: ০৬

নৃবিজ্ঞান বিভাগসহ অন্যান্য বিভাগের সাময়িক সনদ ও চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট হলের নাম পরিবর্তন এবং উহা সংশোধন করার বিষয়ে মাননীয় ভাইস-চ্যান্সেলর কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত: ০৬

নৃবিজ্ঞান বিভাগসহ অন্যান্য বিভাগের সাময়িক সনদ ও ট্রান্সক্রিপ্ট-এ হলের নাম ভুল থাকায় নিম্নোক্ত শর্তে তাদের সাময়িক সনদ/মূল সনদ/চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট সংশোধন করে দেওয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

শর্তাবলী:

০১. শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন কার্ড অনুযায়ী সংযুক্ত হলের প্রভোস্ট কর্তৃক দেনা পাওনা নিষ্পত্তি ফরমে সুপারিশসহ স্বাক্ষর করে সাময়িক সনদ/মূল সনদ/চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট সংশোধনের আবেদনপত্রের সাথে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা প্রদান করা করতে হবে।

০২. সিভিকিটের সিদ্ধান্ত অনুযায়ী হলের নাম পরিবর্তনের কারণে রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত হলের নাম সংযোজনকরতঃ নতুন হলের নাম অনুযায়ী সাময়িক সনদ/মূল সনদ/চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. যেসকল শিক্ষার্থীগণ রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত হলের নামের পরিবর্তে অন্য হলের নাম সংযোজন করে সাময়িক সনদ/মূল সনদ/চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট গ্রহণ করেছেন সেসকল শিক্ষার্থীগণ বিজ্ঞপ্তি প্রচার/প্রকাশের তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে বিনামূল্যে সংশোধিত সাময়িক সনদ/মূল সনদ/চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট গ্রহণ করতে পারবেন। অন্যথায় নির্ধারিত ফি প্রদান করে সংশোধিত ডকুমেন্ট গ্রহণ করতে পারবেন।

০৪. সাময়িক সনদ/মূল সনদ/চূড়ান্ত ট্রান্সক্রিপ্টসহ অন্যান্য অফিসিয়াল ডকুমেন্টে বিশ্ববিদ্যালয় অফিস কর্তৃক ভুল হলে সংশোধনের জন্য ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদন পাওয়া গেলে তা বিনামূল্যে সংশোধন করে দেওয়া হবে। অন্যথায় নির্ধারিত ফি প্রদান করে সংশোধনের সুযোগ থাকবে। এ বিষয়টি জনবিজ্ঞপ্তি আকারে প্রচার, প্রকাশ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরে নোটিশ প্রদান ও ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হুমায়ুন কবির)

সদস্য-সচিব, পরীক্ষা শৃঙ্খলা কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাককানইবি

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

০১. ডীন, সকল অনুযায়ী, জাককানইবি। (নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, জাককানইবি। (বিভাগীয় নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৩. প্রভোস্ট, সকল হল, জাককানইবি। (নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৪. পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), জাককানইবি।
০৫. অতিরিক্ত পরিচালক, জনসংযোগ দপ্তর, জাককানইবি (বহুল প্রচারের জন্য)।
০৬. আইসিটি সেল, ওয়েবসাইটে প্রচারের জন্য, জাককানইবি।
০৪. পিএস টু ভাইস-চ্যান্সেলর, জাককানইবি। (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি।
০৫. অফিস নথি।
০৬. মহানথি।